# ইনোভেশন কমিটির সভার কার্যবিবরনী

সভাপতি : মো: হাবিবুর রহমান, নিঃপঃ (অর্থ) ও চীফ ইনোভেশন অফিসার
তারিখ : ২০-০৯-২০১৮ খ্রিঃ
সময় : বিকাল ০৩.০০ ঘটিকায়
স্থান : কনফারেন্স রুম।

আলোচনার শুরুতে সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সদস্য সচিবকে সভার মূল কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট তালিকা:- ক।

০২। আলোচনার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার ইনোভেশন বিষয়ে আলোকপাত করেন। আলোচনায় তিনি বলেন কম খরচে, স্বল্প ভিজিটে এবং দ্রুততম সময়ে জনগনের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে আমাদের সকলকে সম্মিলিত ভাবে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করতে হবে। দপ্তর সমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ, কাজের অভ্যন্তরীন প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়ন এবং বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রনয়ণ, তার বাস্তবায়ন ইনোভেশন টিমের অন্যতম দায়িত্ব।

০৩। এ লক্ষ্যে ইনোভেশন কমিটি ও সাব কমিটি কর্তৃক বিএসসি'র ইনোভেশন উদ্দ্যোগ গ্রহণ করতে হবে। ইনোভেশন উদ্দ্যাগটি অবশ্যই সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গৃহীত, বাস্তবসম্মত এবং বাস্তবায়নযোগ্য হতে হবে। গৃহীত উদ্যোগের ফলে অবশ্যই TCV কমতে হবে। গৃহীত উদ্যোগের ক্ষেত্রে আমাদের প্রযুক্তির ব্যবহার থাকতেও পারে না ও থাকতে পারে। এ ক্ষেত্রে ইনোভেশন সাব-কমিটি উদ্ভাবনী উদ্দ্যোগ গ্রহণ করে মূল কমিটিতে প্রেরণ করবে। মূল কমিটি যাচাই বাচাই করে এর তালিকা প্রস্তুত করবে এবং বিএসসিতে ইনোভেশন উদ্দ্যোগটি নির্ধারন করে সাব কমিটির সহযোগীতায় বাস্তবায়ন করবে। সে ক্ষেত্রে সাব-কমিটিকে আরো প্রো-একটিভ হতে হবে। সভায় সদস্য-সচিব অবহিত করেন যে, তিনি গত ০৯.০৯.২০১৮খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে ইনোভেশন কমিটির সভায় উপস্থিত ছিলেন। মাননীয় সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় সকলকে ইনোভেশন কার্যক্রমের আওতায় গৃহীত কর্ম-পরিকল্পনা ১০০ ভাগ বাস্তবায়ন করার উপরে তাগিদ প্রদান করেন। পাশাপাশি ইনোভেশনের মাসিক সভা, ইউনিকোডের ব্যবহার, ওয়েব সাইড পর্যবেক্ষন, ভিডিও কনফারেন্স, ইনোভেশন প্রশিক্ষণ এবং ই-নথির ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন। পরবর্তী মাসিক সভায় সকলকে ইনোভেশন তালিকা সহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে চীফ ইনোভেশন অফিসার সচিব মহোদয়ের নির্দেশনা শতভাগ বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন।

০৪। সভায় সদস্য-সচিব আরও অবহিত করেন ২০১৮-২০১৯ অর্থ বছরে বিএসসিকে কমপক্ষে ২টি ইনোভেশন প্রজেক্ট গ্রহণ করে তা পাইলটিং করার জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভাপতি আগামী ২৭-০৯-২০১৮খ্রি: তারিখের মধ্যে সাব-কমিটিকে ইনোভেশন আইডিয়া/প্রস্তাব ফরমেটিভ ওয়েতে মূল কমিটিকে প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভায় নিম্নোক্ত ৫টি ইনোভেশন আইডিয়া/প্রস্তাব প্রাথমিকভাবে আলোচনা করা হয় :-

| | | |
|---|---|---|
| ১। বিএসসিতে নাবিকদের রোষ্টার অন লাইন করা | - | শিপ পার্সোনেল বিভাগ। |
| ২। নাবিকদের পে-রোল | - | হিসাব বিভাগ, এফ্লোট শাখা। |
| ৩। জাহাজে মালামাল সরবরাহের অনলাইন ডাটাবেজ | - | এসএসএম ও ওয়ার্কশপ |
| ৪। মেরিন ওয়ার্কশপের ডিজিটাল হাজিরা | - | ওয়ার্কশপ |
| ৫। ই-লাইব্রেরী | - | প্রশাসন |

আলোচ্য ইনোভেশন আইডিয়া/প্রস্তাব সমূহ চূড়ান্ত প্রস্তাব আকারে আগামী ৩০-০৯-২০১৮খ্রি: তারিখে ইনোভেশন কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়। উক্ত ইনোভেশন আইডিয়া প্রস্তাব হতে যাচাই-বাছাই করে ২টি ইনোভেশন আইডিয়া গ্রহণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং বিএসসি'র ওয়েব সাইডে ইনোভেশন কর্ণারে প্রকাশ করা হবে।

০৫। সদস্য-সচিব সভাকে আরও অবহিত করেন যে, তিনি গত ১১.০৯.২০১৮খ্রি: হতে ১২.০৯.২০১৮খ্রি: তারিখ পর্যন্ত "জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরণ" শিরোনামে গৃহীত পাইলট প্রজেক্টের উপরে ডকুমেন্টশন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এ বিষয়ে সভাপতি উক্ত পাইলট প্রজেক্ট বাস্তবায়ণকারী টিমকে যথাযথভাবে এর ডকুমেন্ট প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন।

০৬। সদস্য-সচিব ইনোভেশন কমিটিতে শিপ-পার্সোনেল বিভাগের ০১(এক) জন এবং ইনোভেশন সাব-কমিটিতে দূর-প্রাচ্য ও শিপ পার্সোনাল বিভাগ থেকে নতুন করে ২ জন সদস্য কো-অপ্ট করার প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে সভাপতি ইনোভেশন কমিটিতে জনাব মো: হারুন অর রশিদ, উপ-মহাব্যবস্থপক কে এবং ইনোভেশন সাব-কমিটিতে দূর-প্রাচ্য বিভাগের বেগম ফাতেমা তুজ তাহেরা, সহকারী ব্যবস্থাপক এবং শিপ পার্সোনাল বিভাগের জনাব মোঃ রাসেল প্রধানিয়া, সহকারী ব্যবস্থাপক কে কো-অপ্ট করার সিদ্ধান্ত প্রদান করেন।

০৭। চীফ ইনোভেশন অফিসারের নির্দেশনা মোতাবেক সকলকে ইনোভেশন বিষয়ে ধারনা প্রদানের জন্য কমিটির সদস্য-সচিব বার্ষিক উদ্ভাবনী উদ্দ্যোগ বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন।

০৮। সভার আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার/সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
চীফ ইনোভেশন অফিসার

বিতরণ :-

০১। ইনোভেশন কমিটির সদস্য ........................ বিএসসি,চট্টগ্রাম।

০২। ইনোভেশন সাব-কমিটির সদস্য...................... বিএসসি, চট্টগ্রাম।